দৈনিক সংবাদ

তারিখ 25 MAR 1989
পৃষ্ঠা 5 কলাম 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

001

# ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

### ১৯৮৯-৯০ সনে এম, ফিল/পিএইচ, ডি ডিগ্রী কোর্সে

# ভর্তির বিজ্ঞপ্তি

ইনষ্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজে দুই বছরমেয়াদী এম, ফিল, ডিগ্রী কোর্সে মাসিক টা: ১,০০০/- হারে কতকগুলো এবং তিন বছরমেয়াদী পিএইচ, ডি কোর্সে মাসিক টা: ১২০০/- হারে কয়েকটি ফেলোশিপের জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। পিএইচ, ডি, কোর্সে ভর্তিচ্ছু প্রার্থীদের আবেদনপত্রের সঙ্গে অবশ্যই তাঁদের গবেষণা প্রস্তাবের দুই কপি সংযুক্ত করতে হবে।

প্রার্থীদের সমাজবিদ্যা, মানববিদ্যা, আইন ও বাণিজ্য অনুষদের যেকোন বিষয়ে, যেমন—অর্থনীতি, কৃষি অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, লোকপ্রশাসন, ভুগোল, শহর ও নগর পরিকল্পনা, প্রত্নবিদ্যা, বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, মনোবিজ্ঞান, নৃতত্ত্ব, পরিসংখ্যান, ডেমোগ্রাফী, সমাজকর্ম আইন, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং এবং ফাইন্যান্স এবং বাংলাদেশের জীবন, সমাজ ও সংস্কৃতির সঙ্গে বিশেষভাবে সম্পৃক্ত অন্যান্য বিষয়ে মাষ্টার্স ডিগ্রীপ্রাপ্ত হতে হবে। ব্যাচেলর ও মাষ্টার ডিগ্রী পরীক্ষায় অন্ততপক্ষে ৫০% নম্বরসহ প্রার্থীদের শিক্ষাগত রেকর্ড অবশ্যই উত্তম হতে হবে। বিশ্ববিদ্যালয়, ইনষ্টিটিউট, ডিগ্রী কলেজ এবং সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানসমূহের সহিত সংশ্লিষ্ট প্রার্থিগণকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

ইনষ্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ, রাজশাহী বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে টা: ১০০/- (একশত)র ব্যাংক ড্রাফটসহ প্রার্থিগণকে নির্ধারিত ফরমে (ফরম আই,বি,এস, অফিস হতে সংগ্রহ করতে হবে) আবেদনপত্র ১২ই এপ্রিল, ১৯৮৯ তারিখের পূর্বেই নিম্ন-স্বাক্ষরকারীর নিকট পৌঁছাতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বিবেচনা করা হবে না।

যোগ্য প্রার্থিগণের লিখিত ও মৌখিক পরীক্ষার জন্য আগামী ২৬-২৭ এপ্রিল, ১৯৮৯ তারিখে ইনষ্টিটিউটে উপস্থিত হতে হবে। চূড়ান্ত তারিখ অবশ্য ব্যক্তিগতভাবে জানানো হবে। উত্তীর্ণ প্রার্থী-দের ৩০শে জুন, ১৯৮৯ তারিখের মধ্যে ভর্তি হতে হবে। তাঁদের ক্লাস আরম্ভ হবে ১লা জুলাই, ১৯৮৯ তারিখে। উল্লেখ্য, সকল ফেলোদের প্রথম বছরে ইনষ্টিটিউটে অবস্থান বাধ্যতামূলক।

যাঁরা মাষ্টার ডিগ্রী পরীক্ষা দিয়েছেন অথচ ফল এখনও বাহির হয়নি তাঁরাও আবেদন করতে পারবেন, তবে তাঁদের চূড়ান্ত নির্বাচন ২৬শে এপ্রিলের মধ্যে পরীক্ষার ফলাফল প্রকাশের উপর নির্ভর করবে।

মুহাম্মদ জিয়াদ আলী,
সচিব, আই, বি, এস,
রাজশাহী বিশ্ববিদ্যালয়।

সি—১৪৩১